



চাঁদাবাজি নিয়ন্ত্রণে থাকায় গরুর দাম সহনীয় ছিল: মাহদী আমিন



মাহদী আমিন। ছবি: সংগৃহীত

কোরবানির ঈদকে কেন্দ্র করে মহাসড়কে চাঁদাবাজি ও নৈরাজ্য আগের চেয়ে কম ছিল বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর উপদেষ্টা ও প্রধানমন্ত্রীর কার্যালয়ের মুখপাত্র মাহদী আমিন। তার দাবি, পরিবহন খরচ নিয়ন্ত্রণে থাকায় এবার কোরবানির পশুর দামও তুলনামূলক সহনীয় পর্যায়ে ছিল।

সোমবার রাজধানীর তেজগাঁওয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে আয়োজিত এক সংবাদ সম্মেলনে তিনি এসব মন্তব্য করেন।

তিনি বলেন, এবারের ঈদযাত্রায় দীর্ঘ যানজট ও যাত্রী ভোগান্তি তুলনামূলকভাবে কম দেখা গেছে। অতিরিক্ত ভাড়া আদায় ঠেকাতে প্রশাসন সক্রিয় ছিল বলেও জানান তিনি।

জ্বালানি তেলের দাম সমস্বয়ের বিষয়ে মাহদী আমিন বলেন, আন্তর্জাতিক বাজার পরিস্থিতি বিবেচনায় বাংলাদেশ অনেক পরে মূল্য সমস্বয়ের সিদ্ধান্ত নিয়েছে। ফলে মূল্যস্ফীতির ওপর চাপও সীমিত রাখা সম্ভব হয়েছে বলে দাবি করেন তিনি।

হামে আক্রান্ত শিশুদের মৃত্যু প্রসঙ্গে তিনি বলেন, শিশুদের নিরাপত্তা ও স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে সরকার গুরুত্বের সঙ্গে কাজ চালিয়ে যাচ্ছে।